

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

সহকারী সম্পাদক
বদরুল আলম নাবিল
জব্বার হোসেন
প্রতিবেদক

রুহুল তাপস, সাজেদুর রহমান
হাসান মূর্তাজা, খোন্দকার তাজউদ্দিন
সহযোগী প্রতিবেদক
জাহাঙ্গীর আলম জুয়েল
খোন্দকার তানভীর জামিল

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী
সালাহ উদ্দিন টিটো

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, ফাহিম হুসাইন, মহিউদ্দিন
নিলয়, মা'ফ রনি, হাসান জামান, জুটন চৌধুরী
সাজিয়া আফরিন, মাহমুদ রাজু, টিটো রহমান

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর
বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা
মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুন নেসা পিয়ানী বার্লিন
কাজী ইনসান টোকিও
প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ
প্রধান গ্রাফিক ডিজাইনার
নূরুল কবীর
শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব, সোহেল রানা রিপন
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

যে কোনো দেশের অন্তঃশক্তি পরিমাপ করা যায় দেশটির গোয়েন্দা সংস্থা কতোটা কর্মতৎপর তার ওপর ভিত্তি করে। এ পরিমাপের ভিত্তিতে বলা যায়, বাংলাদেশের অবস্থা খুবই নাজুক। গোয়েন্দা সংস্থাগুলোর অবকাঠামোগত দুর্বলতা, প্রযুক্তি ও প্রশিক্ষণের ঘাটতি বিস্ময়কর। সেই সঙ্গে দেখা যায় দেশের গোয়েন্দা সংস্থাগুলোকে সরকার রাষ্ট্রীয় কাজে ব্যবহার না করে নিজস্ব দলীয় কাজেই বেশি ব্যবহার করছে। যার ফলে দেশের ৬টি বৃহৎ ও ১২টি ক্ষুদ্র গোয়েন্দা সংস্থা অর্থব একটি সংস্থায় পরিণত হয়েছে। গোয়েন্দাদের এই দুর্বলতার কারণে সুযোগসন্ধানীরা একের পর সহিংস ঘটনা ঘটিয়ে যাচ্ছে।


মাদকের রাহুত্বাশে দেশের তরুণ সমাজ আজ বিপর্যস্ত। বিশেষ করে রাজধানী ঢাকা শহরে মাদক ছড়িয়ে পড়ছে অলি-গলি থেকে অভিজাত এলাকার অনেক জায়গায়। মাদক নিয়ন্ত্রণে এতোদিন পুরুষদেরই একচ্ছত্র আধিপত্য ছিল। হতভম্ব হওয়ার মতো ঘটনা হলো, এখন এই মাদকদ্রব্য নিয়ন্ত্রণে নারীরাও এগিয়ে এসেছে। দেখা যায় রাজধানীর ২৩ মাদক সম্রাজ্ঞী ৭০টি স্থানে মাদক ব্যবসা করছে। সুন্দরী, বেকার, মাঝবয়সী নারীরা বেশির ভাগ ক্ষেত্রে এই মাদক ব্যবসায় আসছে। অবাধে চলা এ ব্যবসা প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনো মাথাব্যথা নেই।

অদ্ভুত এই দেশে বিস্মিত হওয়ার মতো ঘটনা হরহামেশাই ঘটছে। তথ্যপ্রযুক্তির এই যুগে আমাদের দেশের গুরুত্বপূর্ণ ওয়েবসাইটগুলোতে ঢুকলেই দেখা যাবে বিস্ময়কর সব তথ্য।

প্রধানমন্ত্রীর অফিসিয়াল ওয়েবসাইটে 'ঘটক পাখি ভাই'! রাষ্ট্রপতির ওয়েবসাইটে এখনো তৈরিই হয়নি। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নেই মুক্তিযুদ্ধের কোনো তথ্য।

ছোট্ট অল্পবয়সী শিশুকে মরণভূমির উত্তপ্ত বুকে উঠের জকি বানানোর অমানবিক ঘটনা মনকে ভারাক্রান্ত করে। সম্প্রতি আরব আমিরাত থেকে ৬৫টি শিশুকে দেশে ফিরিয়ে আনা হয়েছে। বলা যায়, এটি প্রশংসনীয় উদ্যোগ। এখন জরুরি বিষয় হলো অসহায় এই শিশুদের পুনর্বাসনের ব্যবস্থা করা। সেই সঙ্গে যেসব অপরাধীচক্র এই শিশুদের পাচার করছে তাদের ব্যাপারে কঠোর পদক্ষেপ নিতে হবে।

এই পত্রিকার সাপ্তাহিক
২০০০



৪ el 17 msL v 2 tmj t p 2005

০০০` KvuB : iwdKb bex

